তারিখ: ২৮.০৫.২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### আজ আরচ্যারী ট্রেনিং একাডেমিতে শুরু হলো
### তীর ৭ম জাতীয় যুব আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৫

**সিটি গ্রুপের পৃষ্ঠপোষকতায়** এবং বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের ব্যবস্থাপনায় আজ ২৮ মে ২০২৫ সকাল ০৮:৩০ টায় গাজীপুরের টঙ্গিস্থ আরচ্যারী ট্রেনিং একাডেমিতে শুরু হয়েছে **"তীর ৭ম জাতীয় যুব আরচ্যারী চ্যাম্পিয়নশিপস-২০২৫"**। ৪ দিন ব্যাপি আয়োজিত এই চ্যাম্পিয়নশিপস আগামী ৩১ মে ২০২৫ পর্যন্ত অনুষ্ঠিত হবে। চ্যাম্পিয়নশিপসে নিম্নোক্ত ১৪ টি দলের আরচ্যারবৃন্দ ৩টি বয়স ক্যাটাগরিতে ২১টি মেডেলের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে:
১) বিকেএসপি, ২) বিকেএসপি আরচ্যারী ক্লাব, ৩) বাংলাদেশ আনসার, ৪) আর্মি আরচ্যারী এসোসিয়েশন, ৫) বাংলাদেশ বিমান বাহিনী, ৬) স্পাইডার আরচ্যারী ক্লাব, ৭) গ্রীণউড আরচ্যারী ক্লাব, ৮) চুয়াডাঙ্গা আরচ্যারী ক্লাব, ৯) সিটিজি আরচ্যারী ক্লাব, ১০) নাজিব স্পোর্টিং আরচ্যারী ক্লাব, ১১) ফরিদপুর জেলা ক্রীড়া সংস্থা, ১২) গোমতী আরচ্যারী ক্লাব, ১৩) নড়াইল জেলা ক্রীড়া সংস্থা এবং ঢাকা মেট্রোপলিটন আরচ্যারী ক্লাব।

চ্যাম্পিয়নশিপস উপলক্ষে আজ সকাল ৯ টায় প্রতিযোগিতার মাঠে টিম ম্যানেজারস মিটিং অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বাংলাদেশ আরচ্যারী ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব তানভীর আহমেদ, চ্যাম্পিয়নশিপসের টিডি, ওয়ার্ল্ড আরচ্যারী এশিয়ার ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট এবং বাংলাদেশে আরচ্যারী প্রতিষ্ঠাতা কাজী রাজীব উদ্দীন আহমেদ চপল, দলীয় ম্যানেজারবৃন্দ উপস্থিত ছিলেন।

ম্যনেজারস মিটিং শেষে দলসমূহের অফিসিয়াল প্র্যাক্টিস, ইকুইপমেন্ট ইন্সপেকশন এবং বয়স প্রমাণের সনদ পর্যবেক্ষণ করা হয়। সকাল ০৮:৪৫ মি: চ্যাম্পিয়নশিপসের উদ্বোধন হয়। উদ্বোধনের পরেই কোয়ালিফিকেশন রাউন্ডের মধ্য দিয়ে চ্যাম্পিয়নশিপসের খেলা শুরু হয়।

**কোয়ালিফিকেশন রাউন্ডে খেলার ফলাফল:**
কোয়ালিফিকেশন রাউন্ডে সর্বোচ্চ স্কোর অর্জন করে যথাক্রমে **অনুর্ধ্ব-২১** ক্যাটাগরিতে **রিকার্ভ ডিভিশনে বালক** সেকশনে আব্দুর রহমান আলিফ (বিকেএসপি) ৭০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ এর মধ্যে ৬৬৬ স্কোর করে ১ম, মো: রাকিব মিয়া (বাংলাদেশ বিমান বাহিনী) ৬৬০ স্কোর করে ২য় ও মো: সাগর ইসলাম (বিকেএসপি) ৬৪৮ স্কোর করে ৩য় হন। **বালিকা** সেকশনে মোসাম্মৎ মনিরা আক্তার (বিকেএসপি) ৬২২ স্কোর করে ১ম, মোসাম্মৎ আরভী আক্তার (বিকেএসপি) ৬২০ স্কোর করে ২য় এবং ফামিদা সুলতানা নিশা (বিকেএসপি) ৬১৬ স্কোর করে ৩য় হন। **কম্পাউন্ড ডিভিশনে বালক** সেকশনে আশরাফুল ইসলাম (বাংলাদেশ আনসার) ৫০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ এর মধ্যে ৬৬৯ স্কোর করে ১ম, আসিফ মাহমুদ বাপ্পি (আর্মি আরচ্যারী ক্লাব) ৬৫৬ স্কোর করে ২য় এবং মো: মারুফ হাসান (বিকেএসপি) ৬৫৩ স্কোর করে ৩য় হন। **বালিকা** সেকশনে মোসাম্মৎ কুলছুম আক্তার মনি (বিকেএসপি) ৬৭৬ স্কোর করে ১ম, খুরশিদ জাহান (বিকেএসপি) ৬৫৫ স্কোর করে ২য় এবং মোসাম্মৎ উর্মি খাতুন (বিকেএসপি) ৬৫৪ স্কোর করে ৩য় হন।

**অনূর্ধ্ব-১৮** ক্যাটাগরিতে **রিকার্ভ ডিভিশনে বালক** সেকশনে মো: হিমেল সারোয়ার (বিকেএসপি) ৬০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ এর মধ্যে ৬৫১ স্কোর করে ১ম, মো: নাহিদ হাসান (বিকেএসপি) ৬৪৭ স্কোর করে ২য় এবং আহনাফ সাকিব (বিকেএসপি) ৬২২ স্কোর করে ৩য় হন। **বালিকা** সেকশনে সোনালী রায় (বিকেএসপি) ৬৩০ স্কোর করে ১ম, সামিয়া আক্তার (গোমতী আরচ্যারী ক্লাব) ৬০৫ স্কোর করে ২য় এবং সুমাইয়া আক্তার রিদি (বিকেএসপি) ৫৯৬ স্কোর করে ৩য় হন। **কম্পাউন্ড ডিভিশনে বালক** সেকশনে মো: আশিকুল ইসলাম (বিকেএসপি) ৫০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ এর মধ্যে ৬৬৮ স্কোর করে ১ম, হরি বচ্চন চাকমা (বিকেএসপি) ৬৫৮ স্কোর করে ২য় এবং শ্রী দুর্জয় দাস (বিকেএসপি) ৬৪৪ স্কোর করে ৩য় হন। **বালিকা** সেকশনে সুমাইয়া সুলতানা বিথী (বিকেএসপি) ৫৪১ স্কোর করে ১ম, বৃষ্টি রায় (বাংলাদেশ আনসার) ৬৪০ স্কোর করে ২য় এবং মিথিলা আক্তার (গোমতী আরচ্যারী ক্লাব) ৬৩৪ স্কোর করে ৩য় হন।

**অনূর্ধ্ব-১৫** ক্যাটাগরিতে **রিকার্ভ ডিভিশনে বালক** সেকশনে মো: সাইফুল ইসলাম (বিকেএসপি) ৪০ মিটার দূরত্বে ৭২টি তীর ছুড়ে ৭২০ এর মধ্যে ৬৯১ স্কোর করে ১ম, মো: সাফায়েত হোসেন (বিকেএসপি) ৬৭৫ স্কোর করে ২য় এবং নূর মাহমুদ মাহদি (বিকেএসপি) ৬২৮ স্কোর করে ৩য় হন। **বালিকা** সেকশনে সায়মা সালাহ উদ্দিন (বিকেএসপি) ৬৭৭ স্কোর করে ১ম, প্রভাতী রায় (বাংলাদেশ আনসার) ৬৬৭ স্কোর করে ২য় এবং মোসাম্মৎ জান্নাত আরা সামিয়া (বিকেএসপি) ৬৬৩ স্কোর করে ৩য় হন।

**আগামীকাল ২৯ মে ২০২৫ সকাল ৯টা হতে দলগত ইভেন্টের খেলাসমূহ অনুষ্ঠিত হবে।**

খেলার সম্পূর্ণ ও যাবতীয় ফলাফল এই https://www.ianseo.net/Details.php?toId=22941 লিঙ্কে পাওয়া যায়।

T. Ahmed
তানভীর আহমেদ
সাধারণ সম্পাদক
বাংলাদেশ আরচ্যারী ফেডারেশন।